



হাদির সন্তান ও ভাইয়ের নিরাপত্তা শঙ্কায় শাহবাগ থানায় জিডি



সংগৃহীত ছবি

ইনকিলাব মঞ্চের আহ্বায়ক ওসমান শরিফ হাদির মৃত্যুর পর তার পরিবারে নতুন করে আতঙ্ক ছড়িয়ে পড়েছে। সম্ভাব্য হামলার আশঙ্কায় হাদির সন্তান ও ভাইয়ের নিরাপত্তা চেয়ে শাহবাগ থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করা হয়েছে।

শনিবার (২৪ জানুয়ারি) রাতে জিডিটি করেন হাদির মেজ ভাই ওমর বিন হাদি। তিনি উল্লেখ করেন, হাদির হত্যাকাণ্ডে জড়িত ব্যক্তির এখনো গ্রেপ্তার না হওয়ায় যে কোনো সময় তাদের লক্ষ্য করে অপ্রীতিকর ঘটনা ঘটতে পারে—এমন আশঙ্কা থেকেই এই পদক্ষেপ নেওয়া হয়েছে।

শাহবাগ থানার অফিসার ইনচার্জ মনিরুজ্জামান বিষয়টি নিশ্চিত করে জানান, নিরাপত্তা চেয়ে জিডি গ্রহণ করা হয়েছে এবং এ বিষয়ে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে।

জিডিতে আরও বলা হয়েছে, সামাজিক যোগাযোগমাধ্যমে বিভিন্ন গ্রুপ ও আইডি থেকে পরিবারের বিরুদ্ধে অপপ্রচার চালানো হচ্ছে এবং ওমর বিন হাদিকে হত্যার হুমকিও দেওয়া হচ্ছে। এ পরিস্থিতিতে তিনি ও হাদির সন্তান নিজেদের নিরাপত্তা নিয়ে উদ্বিগ্ন বলে জানিয়েছেন।